# সুনান আবূ দাউদ (তাহকিককৃত)

হাদিস নাম্বারঃ ১৬৫০

৩/ যাকাত (كتاب الزكاة)

পরিচ্ছেদঃ ৩০. বনু হাশিমকে যাকাত প্রদান করা প্রসঙ্গে

باب الصَّدَقَةِ عَلَى بَنِي هَاشِمٍ

আরবী

حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ كَثِيرٍ، أَخْبَرَنَا شُعْبَةُ، عَنِ الْحَكَمِ، عَنِ ابْنِ أَبِي رَافِعٍ، عَنْ أَبِي رَافِعٍ، أَنَّ النَّبِيَّ صلى الله عليه وسلم بَعَثَ رَجُلاً عَلَى الصَّدَقَةِ مِنْ بَنِي مَخْزُومٍ، فَقَالَ لأَبِي رَافِعٍ اصْحَبْنِي فَإِنَّكَ تُصِيبُ مِنْهَا . قَالَ: حَتَّى آتِيَ النَّبِيَّ صلى الله عليه وسلم فَأَسْأَلَهُ فَأَتَاهُ فَسَأَلَهُ فَقَالَ " مَوْلَى الْقَوْمِ مِنْ أَنْفُسِهِمْ وَإِنَّا لاَ تَحِلُّ لَنَا الصَّدَقَةُ".

- صحيح

বাংলা

১৬৫০। আবূ রাফি’ (রাঃ) সূত্রে বর্ণিত। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম মাখযূম গোত্রের এক ব্যক্তিকে যাকাত আদায়ের উদ্দেশে প্রেরণ করলে তিনি আবূ রাফি’ (রাঃ)-কে বলেন, তুমি আমার সাথে গেলে তুমিও তা থেকে কিছু পাবে। তিনি বলেন, আমি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর কাছে গিয়ে জিজ্ঞেস করে নিবো। অতঃপর তিনি এসে তাঁকে জিজ্ঞেস করলে তিনি (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) বললেনঃ কোন সম্প্রদায়ের মুক্তদাস তাদেরই একজন। আর আমাদের জন্য যাকাত হালাল নয়।[1]

সহীহ।

## English

Narrated AbuRafi':

The Prophet (ﷺ) sent a man of the Banu Makhzum to collect sadaqah. He said to AbuRafi': Accompany me so that you may get some of it. He said: (I cannot take it) until I go to the Prophet (ﷺ) and ask him. Then he went to

him and asked him. He said: The sadaqah is not lawful for us, and the client of a people is treated as one of them.

## ফুটনোট

[1] তিরমিযী (অধ্যায় : যাকাত, হাঃ ৬৫৭), নাসায়ী (অধ্যায় : যাকাত, হাঃ ২৬১১), ইবনু খুযাইমাহ (হাঃ ২৩৪৪)।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ আল্লামা আলবানী একাডেমী  বর্ণনাকারীঃ আবূ রাফি‘ (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=58968

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন